

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৮৬. কোন মহিলা ইদ্দতে থাকাবস্থায় তাকে কারো বিবাহ্ করা

ইদ্দত বলতে কোন মহিলাকে তালাক দেয়ার পর অথবা তার স্বামী মারা যাওয়ার পর যে সময়টুকু তাকে তার পূর্বের স্বামীর ঘরেই কাটাতে হয় তা বুঝানো হয়। যা তালাকপ্রাপ্তার জন্য তার তিন ঋতুস্রাব পার হওয়ার সমপরিমাণ সময়। আর স্বামীহারার জন্য চার মাস দশ দিন।

আল্লাহ্ তা'আলা বলেন:

وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيمَا عَرَّضِنْتُم بِهِ مِنْ خِطْبَةِ النِّسَاءِ أَنْ أَكْنَنتُمْ فِي أَنفُسِكُمْ ۚ عَلِمَ اللَّهُ أَنَّكُمْ سَتَذْكُرُونَهُنَّ وَلَٰكِن لَّا تُواعِدُوهُنَّ سِرًّا إِلَّا أَن تَقُولُوا قَوْلًا مَّعْرُوفًا ۞ وَلَا تَعْزِمُوا عُقْدَةَ النِّكَاحِ حَتَّىٰ يَبْلُغَ الْكِتَابُ أَجَلَهُ ۞ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ عَفُورٌ حَلِيمٌ يَعْلَمُ مَا فِي أَنفُسِكُمْ فَاحْذَرُوهُ ۞ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ غَفُورٌ حَلِيمٌ

"তোমরা কোন মহিলার ইদ্দত তথা নির্ধারিত সময় পার হওয়া পর্যন্ত তার সাথে বিবাহ্ বন্ধনে আবদ্ধ হওয়ার কোন দৃঢ় সংকল্প করো না। তোমরা অবশ্যই এ কথা জেনে রাখো যে, নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা তোমাদের অন্তরের সব কিছুই জানেন। অতএব তোমরা তাঁকে অবশ্যই ভয় করো এবং জেনে রাখো, নিশ্চয়ই তিনি অত্যন্ত ক্ষমাশীল পরম সহিষুও"। (বাকারাহ্ : ২৩৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11536

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন